গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
আইসিটি সেল
www.brri.gov.bd

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.৭৭.০০১.২২.১৩৯

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০
২৪ মে ২০২৩

বিষয়: **ব্রি'র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির বাস্তবায়ন অগ্রগতির ৪র্থ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ১২.২২.০০০০.০৪৪.৭৭.০০১.২২.২৫; ০১ ফেব্রুয়ারি' ২০২৩ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর [১.২] কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কি না তা ৪র্থ ত্রৈমাসিকে (এপ্রিল-জুন/২০২৩) গত ২৯/০৫/২০২৩ তারিখে পরিবীক্ষণ কমিটি কর্তৃক পরিবীক্ষণ করা হয়। উক্ত পরিবীক্ষণ প্রতিবেদনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ পরিবীক্ষণ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও কার্যবিবরণী।

২-৬-২০২৩
ড. মো: শাহজাহান কবীর
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০
ফ্যাক্স: ৪৯২৭২০০০
ইমেইল: dg@brri.gov.bd

সচিব
সচিবের দপ্তর
কৃষি মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব , মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.৭৭.০০১.২২.১৩৯/১(২)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০
২৪ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
২) সংশ্লিষ্ট নথি।

২-৬-২০২৩
ড. মো: শাহজাহান কবীর
মহাপরিচালক (গ্রেড-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
আইসিটি সেল
www.brri.gov.bd

সভার বিজ্ঞপ্তি

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.৭৭.০০১.২২.১৩৪ তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২৪ মে ২০২৩

বিষয়: **সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা প্রসঙ্গে।**

ব্রি'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর [১.২] কার্যক্রম মোতাবেক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা আগামী ২৯/০৫/২০২৩ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় পরিচালক (প্রশাসন ও সা.প.) মহোদয়ের সভাকক্ষে পরিচালক (প্রশাসন ও সা.প.) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যবৃন্দকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ
১. ব্রি'র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটেজেন চার্টার) পরিবীক্ষণ ও পর্যালোচনা সংক্রান্ত।
২. বিবিধ।

২৫-৫-২০২৩
ড. মো: আব্দুল লতিফ
পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ও আহবায়ক, সে
প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, ব্রি।
ফোন: ৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০
ফ্যাক্স: ৪৯২৭২০০০
ইমেইল: dg@brri.gov.bd

বিতরণ :
১) চিফ সাইন্টিফিক অফিসার , কৃষি পরিসংখ্যান ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
২) প্রোগ্রামার , আইসিটি সেল ও ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, বাং বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৪) সিনিয়র ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর , আইসিটি সেল ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, বাংবাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.৭৭.০০১.২২.১৩৪/১(২) তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২৪ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রশাসনিক কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

২) এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (চলতি দায়িত্ব), প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

২৫-৫-২০২৩
মো: মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার ও ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি
পরিবীক্ষণ কমিটি, ব্রি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
আইসিটি সেল

**সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভার বাস্তবায়ন অগ্রগতির কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: আব্দুল লতিফ<br>পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, ব্রি। |
| সভার তারিখ | ২৯/০৫/২০২৩ইং । |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | পরিচালক (প্রশাসন ও সা.প.) মহোদয়ের সভাকক্ষ। |
| উপস্থিতি | সংযুক্ত তালিকা মোতাবেক। |

১। সভার শুরুতে সভাপতি ও ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, ব্রি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ফোকাল পয়েন্ট এবং প্রোগ্রামার, আইসিটি সেল ২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ বাস্তবায়নকল্পে ২০২২-২৩ এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা'র সামগ্রিক অগ্রগতির উপর power point presentation এর মাধ্যমে প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রা ও গুরুত্ব তুলে ধরেন।

২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা উল্লেখ করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম [১.২] অনুসারে ৪র্থ প্রান্তিকে (এপ্রিল-জুন/২০২৩) 'ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন' সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন ও সামগ্রিক অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত আজকের সভা আয়োজন করা হয়েছে। এসময় অগ্রগতি পর্যালোচনা করা হয়:

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গত ১৪/০৪/২০২৩ তারিখে পুনর্গঠন করা হয়েছে। |
| ২. | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কিনা তা নিশ্চিতকরণে ন্যুনতম ১টি করে নাগরিক, দাপ্তরিক এবং অভ্যন্তরীণ সেবা প্রদানকারী বিভাগ / শাখা / আঞ্চলিক কার্যালয় পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন; | সকল বিভাগ, শাখা ও আঞ্চলিক কার্যালয়ের স্ব স্ব সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে আছে কি না তা সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কমিটি পরিবীক্ষণ করেছেন। এ সংক্রান্ত ৪র্থ প্রান্তিকের প্রতিবেদন দাখিল করা হয়েছে। |
| ৩. | জিআরএস বিভাগের ফিডব্যাকের প্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ/তথ্য অন্তর্ভুক্তকরণ | জিআরএস বিভাগের ফিডব্যাকের প্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ/তথ্য অন্তর্ভুক্তকরণের অংশ হিসেবে সিটিজেন চার্টারের নাগরিক সেবার ২.১ সেবা প্রদান সংক্রান্ত তথ্য হালনাগাদ করা হয়েছে। |

৩। সভায় জানানা হয় যে, ৪র্থ ত্রৈমাসিকে ব্রি'র সেবা প্রদান প্রতিশ্রুতি তথা সিটিজেন চার্টার হালনাগাদকরণের লক্ষ্যে সকল বিভাগ, শাখা ও মাঠ পর্যায়ের অফিস হিসেবে আঞ্চলিক কার্যালয়সমূহকে পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এর প্রেক্ষিতে ১টি বিভাগ হতে হালনাগাদ সংক্রান্ত প্রস্তাব প্রেরণ করা হয়। জিআরএস বিভাগ হতে নাগরিক সেবার আওতায় ব্রিডার বীজ ও মানসম্মত বীজ উৎপাদন ও সরবরাহ সংক্রান্ত সেবার ক্ষেত্রে ৪নং ক্রমিকের তথ্যাদি সংশোধনপূর্বক সেবা প্রদান সংক্রান্ত তথ্য হালনাগাদকরণের প্রস্তাব করা হয়েছে।

৪। পরিশেষে কমিটির সদস্যগণ ব্রি'র বিভিন্ন বিভাগ ও শাখায় পরিদর্শন করে কাজের পরিবেশ, প্রদেয় সেবার মান ইত্যাদি বিভিন্ন বিষয়াদি পর্যবেক্ষণ করেন। ন্যুনতম একটি নাগরিক, একটি দাপ্তরিক এবং একটি অভ্যন্তরীণ সেবা প্রদানকারী শাখা/অধিশাখা পরিদর্শন কার্যক্রম চলমান রাখা প্রয়োজন মর্মে সভাপতির বক্তব্যে কমিটির সদস্যগণ সর্বসম্মতিক্রমে একমত পোষণ করেন।

৫। পরবর্তীতে বিস্তারিত পর্যালোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট বিভাগ/শাখার ফিডব্যাকের প্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ/তথ্য অন্তর্ভুক্তকরণ অব্যাহত রাখা | ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা কমিটি |
| ২. | নিয়মিত ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন অব্যাহত থাকবে | ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা কমিটি |
| ৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কিনা তা নিশ্চিতকরণে ন্যূনতম ১টি করে নাগরিক, দাপ্তরিক এবং অভ্যন্তরীণ সেবা প্রদানকারী বিভাগ ও শাখার পাশাপাশি আঞ্চলিক কার্যালয়ও পরিদর্শনের আওতায় এনে প্রতিবেদন প্রণয়ন; | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কমিটি |
| ৪. | আওতাধীন দপ্তর/সংস্থা হিসেবে মাঠপর্যায়ের আঞ্চলিক কার্যালয়ের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন | ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা কমিটি |

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মো: আব্দুল লতিফ
পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ও আহবায়ক,
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, ব্রি।

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.৭৭.০০১.২২.১৩৭

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০
২৪ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল চুক্তিস্বাক্ষরকারী বিভাগীয়/শাখা/আঞ্চলিক কার্যালয়/প্রকল্প ও কর্মসূচি প্রধান।

২) প্রোগ্রামার , আইসিটি সেল ও ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

৪) এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (চলতি দায়িত্ব), প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

মো: মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার ও ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি
পরিবীক্ষণ কমিটি, ব্রি।

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

BangladeshRiceResearchInstitute,Gazipur
**Phone:** PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, **Fax:** 880-2-49272000
**E-mail:** dg@brri.gov.bd; brrihq@yahoo.com, **Website:** www.brri.gov.bd


তারিখঃ ২৯-০৫-২০২৩ইং

## ব্রি'র সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভায় উপস্থিতির তালিকাঃ

| ক্র.নং | নাম ও পদবী | বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ড. মো: আব্দুল লতিফ<br>পরিচালক (প্রশাসন ও সা.প.) ও<br>আহবায়ক, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি | পরিচালক (প্রশাসন ও সা.প.) এর দপ্তর | |
| ২. | ড. মো: ইসমাইল হোসেন<br>সিএসও ও প্রধান ও<br>সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি | কৃষি পরিসংখ্যান বিভাগ | |
| ৩. | কবিতা<br>সহ: প্রোগ্রামার ও<br>সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি | আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ | |
| ৪. | নুরাইয়া কুলছম<br>সি. ডাটা এন্ট্রি ক. অপা. ও<br>সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি | আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ | |
| ৫. | মোঃ মাহফুজ বিন ওয়াহাব<br>প্রোগ্রামার ও<br>ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি | আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ | |
| ৬. | | | |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট**
**আইসিটি সেল**
www.brri.gov.bd

স্মারক নং: ১২.২২.০০০০.০৪৪.৭৭.০০১.২২.১৩৭ তারিখ: ২৪/০৫/২০২৪ইং

**বিষয়:** সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভার (এপ্রিল-জুন/২০২৩) সিদ্ধান্ত গ্রহণ ও বিভিন্ন বিভাগ/শাখা পরিদর্শনপূর্বক বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম [১.২] 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি'র ৪র্থ ত্রৈমাসিক সভা ২৯/০৫/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত হয়। ৪র্থ সভার কার্যবিবরণীর ২নং সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত ব্রি'র সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্যগণ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবামূহ প্রদান করা হচ্ছে কিনা সে বিষয়ে পর্যবেক্ষণের নিমিত্ত গত ১৮/১২/২০২২ তারিখে নাগরিক সেবা প্রদানকারী জিআরএস বিভাগ বিভাগ (ব্রিডার বীজ ও মানসম্মত বীজ উৎপাদন ও সরবরাহ), প্রাতিষ্ঠানিক সেবা প্রদানকারী প্রকাশনা ও জনসংযোগ বিভাগ (ব্রি'র প্রকাশনা সম্পর্কিত তথ্য প্রদান) এবং অভ্যন্তরীণ সেবা প্রদানকারী টিওসি (ইন-হাউজ প্রশিক্ষণ) পরিদর্শনপূর্বক উল্লিখিত বিভাগ/শাখাসমূহের মোট ৩টি সেবা বিশদভাবে পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণান্তে প্রাপ্ত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

**১। নাগরিক সেবা:**

ব্রি'র জিআরএস বিভাগ হতে ব্রিডার বীজ ও মানসম্মত বীজ উৎপাদন ও সরবরাহ সংক্রান্ত সেবার মাধ্যমে বিভিন্ন ধরণের নাগরিক সেবা প্রদান করা হয়। উক্ত সেবাসমূহ ব্রি'র ওয়েবসাইটে (www.brri.gov.bd) প্রদত্ত নির্ধারিত ফরম ডাউনলোডপূর্বক পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে ইমেইলে বা সরাসরি প্রেরণ করতে হয়। পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদনপূর্বক তালিকা মোতাবেক বীজ বিতরণের পরিমাণসহ মোবাইলে ক্ষুদেবার্তা প্রেরণ করা হয়। ক্ষুদেবার্তা মোতাবেক নির্ধারিত মূল্য চালানের মাধ্যমে পরিশোধসাপেক্ষে বীজ প্রদান করা হয়।

কমিটি কর্তৃক সেবাসমূহ পর্যালোচনায় প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

| ক্র: নং | সেবার নাম | সেবাগ্রহীতার ধরণ | সেবা প্রাপ্তির তারিখ | কমিটির পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|
| ১. | ব্রিডার বীজ ও মানসম্মত বীজ উৎপাদন ও সরবরাহ | বিএডিসি, বেসরকারি বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান, সীড ডিলার এ্যাসোসিয়েশন কৃষক | মওসুমভিত্তিক | ব্রিডার ও মান সম্মত বীজ সরবরাহ এর সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি কলাম এর প্রেরিত তথ্যাদি অনুসারে ব্রিডার বীজ পূর্বের ১০০ টাকা / কেজি'র স্থলে ২০০ টাকা / কেজি এবং টিএলএস বীজ ৩৫ টাকা / কেজি'র স্থলে ৪০ টাকা / কেজি করা হয়েছে। উক্ত তথ্যাদি ব্রি'র ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে। |

**মন্তব্য:** মওসুমভিত্তিক ব্রিডার বীজ ও মানসম্মত বীজ সরবরাহ সংক্রান্ত সেবা প্রদান করা হচ্ছে। সেবাগ্রহীতাগণ শুধুমাত্র সশরীরে সংশ্লিষ্ট বিভাগ হতে মওসুমভিত্তিক বীজ সংগ্রহ করছেন।

**২। প্রাতিষ্ঠানিক সেবা:**

প্রকাশনা ও জনসংযোগ বিভাগ ব্রি'র প্রকাশনা সম্পর্কিত তথ্য প্রদান সংক্রান্ত সেবা প্রদান করা হয়। উক্ত সেবাসমূহ ব্রি'র ওয়েবসাইট (www.brri.gov.bd) ও BRKB ওয়েবসাইটে (www.knowledgebank-brri.org) প্রকাশনাসমূহ আপলোড করা হয়। এছাড়া নির্ধারিত ফরম পূরণপূর্বক হার্ড কপি প্রকাশনা প্রদান সংক্রান্ত সেবাসমূহ বিনামূল্যে ও তাৎক্ষণিকভাবে প্রদান করা হচ্ছে।

কমিটি কর্তৃক সেবাসমূহ পর্যালোচনায় প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

| ক্র: নং | সেবার নাম | সেবাগ্রহীতার ধরণ | সেবা প্রাপ্তির তারিখ | কমিটির পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|
| ১. | ব্রি'র প্রকাশনা সম্পর্কিত তথ্য প্রদান | বিজ্ঞানী, গবেষক, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, এসএএও, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী | তাৎক্ষণিক | উক্ত বিভাগের রেজিস্ট্রার খাতা থেকে প্রাপ্ত তথ্য মোতাবেক প্রতিবেদনাধীন (এপ্রিল-মে/২৩) সময় পর্যন্ত আধুনিক ধানের চাষ বইসহ প্রায় ৭ ক্যাটাগরির বই, বিভিন্ন ব্যবস্থাপনা সংক্রান্ত লিফলেট, পুস্তিকা প্রায় ২০,০০০ কপি বিতরণ করা হয়েছে। এছাড়া ব্রি'র ওয়েবসাইট থেকে নিয়মিত প্রয়োজনীয় প্রকাশনার সফট কপি ডাউনলোড করছেন। |

**মন্তব্য:** নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হচ্ছে এবং সেবাগ্রহীতাগণ ব্রি'র প্রকাশনাসমূহ হার্ড ও সফট কপি প্রাপ্ত হয়েছেন।

**৩। অভ্যন্তরীণ সেবা:**
ব্রি'র টিওসি এর মাধ্যমে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন, সমন্বয় ও তথ্য প্রদান সংক্রান্ত সেবা প্রদান করা হয়।

পরিদর্শনকালে টিওসি এর কার্যক্রম পর্যালোচনা করা হয়। উল্লিখিত সেবা প্রদানের নিমিত্ত টিওসি সকল গবেষণা বিভাগ ও আঞ্চলিক কার্যালয় হতে বিজ্ঞানী কর্তৃক ইন-হাউজ আয়োজনের নিমিত্ত বিষয়বস্তু তথা টাইটেল ও সম্ভাব্য সময় নির্ধারণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়। পরবর্তীতে প্রতি সপ্তাহে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা হয়। উক্ত সেবা বিনামূল্যে ও তাৎক্ষণিকভাবে প্রদান করা হচ্ছে।

কমিটি কর্তৃক নথি পর্যালোচনায় প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

| ক্র: নং | বিভাগ/শাখার নাম | জুলাই/২০২২-জুন/২০২৩ সময়ে আয়োজিত ইন-হাউজ সংখ্যা | পত্রজারীর মাধ্যমে জারীকৃত অফিস আদেশ সংখ্যা | কমিটির পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|
| ০১. | টিওসি | ৩৪টি | ৩৪টি | টিওসি এর রেজিস্ট্রার মোতাবেক ই-নথি'তে পত্রজারীর মাধ্যমে ১ম ত্রৈমাসিকে ১২টি, ২য় ত্রৈমাসিকে ৯টি, ৩য় ত্রৈমাসিকে ৭টি ও ৪র্থ ত্রৈমাসিকে ৬টি সহ সর্বমোট ৩৪টি নোটিশ জারী করা হয়েছে। ৩৪ জন বিজ্ঞানী নির্ধারিত বিষয়বস্তুর উপর গবেষণা সংক্রান্ত ইন-হাউজ প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। এতে সকল গবেষণা বিভাগের বিজ্ঞানীগণ উপস্থিত ছিলেন। |

**মন্তব্য:** তাৎক্ষণিক সেবা প্রদানসহ ই-নথি'তে শতভাগ নোটিশ জারী করা হচ্ছে।

**৪। পরিবীক্ষণ কমিটির সুপারিশ:**

| ক্রমিক | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক) | ব্রিডার বীজ বিতরণ কার্যক্রম শতভাগ ডিজিটালাইজড করা ও নির্ধারিত ফী প্রদানের ক্ষেত্রে পেমেন্ট গেটওয়ে ব্যবহারের উদ্যোগ নেয়া যেতে পারে; এবং | আইসিটি সেল |
| খ) | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়সীমা বা কার্যদিবসে সেবা প্রদান করার ব্যাপারে সকল বিভাগ, শাখা ও আঞ্চলিক কার্যালয়সমূহকে আরো সচেতন হতে হবে। | ফোকাল পয়েন্ট,<br>সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা কমিটি |

(নুরাইয়া কুলছম)
সি. ডাটা এন্ট্রি ক. অপা., আইসিটি সেল
ও
ফোকাল পয়েন্ট
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ব্রি, গাজীপুর

(কবিতা)
সহ: প্রোগ্রামার, আইসিটি সেল
ও
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ব্রি, গাজীপুর

(মোঃ মাহফুজ বিন ওয়াহাব)
প্রোগ্রামার, আইসিটি সেল
ও
ফোকাল পয়েন্ট
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ব্রি, গাজীপুর

(ড. মো: ইসমাইল হোসেন)
সিএসও ও প্রধান, কৃষি পরিসংখ্যান বিভাগ
ও
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ব্রি, গাজীপুর

(ড. মো: আব্দুল লতিফ)
পরিচালক (প্রশাসন ও সা.প.)
ও
আহবায়ক
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ব্রি, গাজীপুর